দৈনিক সংবাদ

26 FEB 1996

তারিখ 2 6 FEB 1996
পৃষ্ঠা ৫ কলাম ৪

### রেজিস্ট্রেশন করা হয়েছে

# ৪ শতাধিক ছাত্রছাত্রীর পরীক্ষায় অংশগ্রহণ অনিশ্চিত

টাঙ্গাইল, ২৫শে ফেব্রুয়ারি (নিজস্ব সংবাদদাতা)।– করটিয়া সরকারি সাদত বিশ্ববিদ্যালয় কলেজ থেকে রেজিস্ট্রেশন করা ৪ শতাধিক ছাত্রছাত্রীর আসন্ন উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশ গ্রহণ অনিশ্চিত হয়ে পড়েছে। কলেজ কর্তৃপক্ষ এই পরীক্ষার্থীদের পরীক্ষা গ্রহণে অক্ষমতা প্রকাশ করায় এ অবস্থার সৃষ্টি হয়েছে। এই পরীক্ষার্থীরা সকলেই প্রাইভেট পরীক্ষার্থী।

করটিয়া সরকারি সাদত বিশ্ববিদ্যালয় কলেজ কেন্দ্র থেকে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশ নিতে ইচ্ছুক এই প্রাইভেট পরীক্ষার্থীরা জানান, ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের প্রাইভেট পরীক্ষার নির্ধারিত কেন্দ্র সাদত বিশ্ব-বিদ্যালয় কলেজ থেকে তারা প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে নাম রেজিস্ট্রেশন করেছে। কলেজ কর্তৃপক্ষ তাদের কাছ থেকে নির্ধারিত ফি আদায় করে রেজিস্ট্রেশন সম্পন্ন করে। কিন্তু এখন রহস্যজনক কারণে কলেজ কর্তৃপক্ষ প্রাইভেট পরীক্ষার্থীদের এই কেন্দ্র থেকে পরীক্ষা দিতে দেবে না বলে জানিয়ে দিয়েছে। বোর্ডের নিয়ম অনুযায়ী যে কলেজ থেকে রেজিস্ট্রেশন হবে সেখানেই পরীক্ষা দিতে হবে। প্রাইভেট পরীক্ষার্থীরা জানান, সাদত কলেজ কর্তৃপক্ষ তাদের পরীক্ষা গ্রহণের ব্যবস্থা না করলে ৪ শতাধিক প্রাইভেট পরীক্ষার্থীর পরীক্ষায় অংশ নেয়াই অসম্ভব হয়ে পড়বে।

এ ব্যাপারে যোগাযোগ করা হলে করটিয়া সাদত বিশ্ববিদ্যালয় কলেজের একজন কর্মকর্তা জানান, এই কলেজ থেকে ৪শ' ৮ জন প্রাইভেট পরীক্ষার্থী নাম রেজিস্ট্রেশন করা হয়েছে। কলেজের নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থীর সংখ্যাই এ বছর অনেক। এদের আসন দেয়াই কষ্টসাধ্য। এর উপরে প্রাইভেট পরী-ক্ষার্থীদের আসন দেয়া সরকারি সাদত কলেজের পক্ষে সম্ভব নয়। এই প্রাইভেট পরীক্ষার্থীদের পরীক্ষা কোথায় হবে এ প্রসঙ্গে ওই কর্মকর্তা বলেন, সেটি ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড কর্তৃপক্ষই ভালো বলতে পারবেন।